

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 07-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Electoral Roll :

নির্বাচন কমিশনের অনুমোদনক্রমে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিব ভোটার তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। চূড়ান্ত তালিকায় মোট ভোটার রয়েছে ২৮ লক্ষ ৯১ হাজার ৯২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ১৪ লক্ষ ৫০ হাজার ৭০৯ জন, মহিলা ভোটার ১৪ লক্ষ ৪০ হাজার ২৯৯ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার ৭৪ জন। চূড়ান্ত ভোটার তালিকায় মোট ৫১ হাজার ৩০৩ জন নতুন ভোটারের নাম সংযোজন করা হয়েছে। এর মধ্যে ১৮ থেকে ১৯ বছর বয়সের মধ্যে রয়েছে ৩০ হাজার ৩৯৯ জন।

এদিকে দক্ষিণ জেলার ৭টি বিধানসভা কেন্দ্রেরও চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। তালিকা অনুসারে জেলার মোট ভোটার ৩ লক্ষ ৪৩ হাজার ৩৮ জন। পুরুষ ভোটার ১ লক্ষ ৭৪ হাজার ৫৪৬ জন ও মহিলা ভোটার ১ লক্ষ ৬৮ হাজার ৪৯২ জন।

Condemnation of the President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ছত্তিশগড়ের বিজাপুরে আই. ই. ডি বিস্ফোরণে জেলা রিজার্ভ গার্ড, ডি. আর. জি জওয়ানদের উপর হামলার নিন্দা করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি মুর্মু বীর সৈনিকদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি বলেন, নকশালবাদকে সম্পূর্ণভাবে নির্মূল করতে দেশ প্রতিশ্রুতিবদ্ধ।

NF Railway :

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে ১৪২টি স্টেশনে গড়ে উঠেছে ‘‘ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট’’ আউটলেট, যা স্থানীয় ও স্বদেশি সামগ্রীর প্রচার এবং বিক্রির ক্ষেত্রে রেলওয়ে স্টেশনগুলিকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে তুলেছে। এই সমস্ত আউটলেট শুধুমাত্র সংশ্লিষ্ট অঞ্চলের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য ও পরম্পরা প্রদর্শনের মঞ্চ হয়ে থাকেনি, বরং তার পাশাপাশি স্থানীয় কারিগর ও ব্যবসায়ীদের জীবনযাত্রাতেও উল্লেখযোগ্য ইতিবাচক প্রভাব নিয়ে এসেছে। এই উদ্যোগটি Vocal for Local অভিযান প্রচারের সময় উৎপাদিত সামগ্রীর প্রদর্শন ও বাজারজাত করতে স্থানীয় শিল্পীদের সবলীকরণ করে তুলেছে। ট্রেন যাত্রীরা এখন নিজেদের যাত্রার বিরতির সময় ওএসওপি আউটলেটগুলিতে স্থানীয় হস্তশিল্পী, হস্ততাঁত, কটন সামগ্রী এবং অন্যান্য হস্তনির্মিত শিল্প কর্মের সমৃদ্ধশীল ঐতিহ্য অন্বেষণ করতে পারবেন।

Koushal Mela-Rajib :

গতকাল সিপাহীজলা জেলার কাঁঠালিয়া ব্লক ভিত্তিক আত্মনির্ভর কৌশল মেলা ও বস্ত্র মেলার উদ্বোধন করেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। কাঁঠালিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ, সুশান্ত দেব, ভগবান দাস প্রমুখ। সাংসদ শ্রী ভট্টাচার্য বলেন মহিলারা আত্মনির্ভর হলেই দেশ ও রাজ্য আত্মনির্ভর হবে। বর্তমানে স্ব-সহায়ক দলের মহিলাদের উৎপাদিত বিভিন্ন পণ্য বহিঃরাজ্যেও বিক্রি হচ্ছে। ৫ দিন ব্যাপী এই মেলায় ব্লক এলাকার ২৬টি গ্রাম পঞ্চায়েত থেকে স্ব-সহায়ক দলের মহিলারা তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর পসরা সাজিয়ে বসেছেন।

PM Janman-South :

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান ও ধরতী আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্পে গতকাল সাব্রুম মহকুমার কলাছড়ার কালিবাড়ি ভিলেজের প্রসন্ন রোয়াজা পাড়ায় এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কলাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দত্ত চিকিৎসক ডা: অয়ন চাকমা ও ডা: তমাল ত্রিপুরা মোট ১৬ জন রোগীকে চিকিৎসা বিষয়ক পরামর্শ ও এবং বিনামূল্যে ঔষধ প্রদান করেন।

DG visited Khowai :

রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের ডিরেক্টর জেনারেল অনুরাগ ধনকর গতকাল খোয়াই জেলা পরিদর্শন করেন। জেলা পুলিশ সুপার কার্যালয়ে জেলার ৬টি থানার ওসি, দুই মহকুমা পুলিশ আধিকারিক, জেলা পুলিশ সুপার এবং অতিরিক্ত জেলা পুলিশ সুপারদের নিয়ে আয়োজিত বৈঠকে জেলার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন তিনি।

Book Fair 5th Day :

আগরতলা বইমেলায় গতকাল ছিল পঞ্চম দিন। এদিন রাষ্ট্রীয় পাখী দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে বইমেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনাচক্র। আলোচনাচক্রে পার্থ সারথী চক্রবর্তী, শুভেন্দু চৌধুরী, দীপঙ্কর দেব পাখীদের নানা বিষয়ে আলোচনা করেন। এদিন মেলায় মুক্তমঞ্চে নীহারিকার এবারের প্রকাশনা উৎসব ও সুমিত্রা কর তরুণ লেখক সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে নীহারিকা প্রকাশনা থেকে ৪৪টি নতুন বই প্রকাশিত হয়। গল্পকার সৌরভ চক্রবর্তীকে নীহারিকা প্রকাশনার পক্ষ থেকে সুমিত্রা কর তরুণ লেখক সম্মাননা প্রদান করা হয়। তাছাড়া বইমেলায় রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

CITU-Sabroom :

প্রতিটি চা শ্রমিক পরিবারে পাকা ঘর ও পাকা শৌচাগার প্রদান, দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ সহ ১২ দফা দাবিতে গতকাল সিআইটিইউ'র উদ্যোগে সাব্রুম শহরে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় সিটুর রাজ্য সম্পাদক তাপস দত্ত ও বিপ্লব স্যান্নাল এবং সিটুর সাব্রুম মহকুমা সম্পাদক দীপক দে বক্তব্য রাখেন।

Book Publishing :

বইমেলায় অক্ষর পাবলিকেশনের চারটি নতুন বইয়ের আনুষ্ঠানিক প্রকাশ হয়েছে গতকাল। একটি বেসরকারি হোটেলে বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিষ্ঠ সাংবাদিক ও প্রকাশক সমীরণ রায়, কলকাতা পাবলিশার্স এন্ড বুকসেলার্স গিল্ডের সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায় প্রমুখ।

Women's Cricket :

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে গ্রুপের দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল নাগপুরে অনুষ্ঠিত খেলায় উত্তর প্রদেশ ২২২ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৩.৯ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *